

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
উপজেলা পরিসংখ্যান কার্যালয়  
নগরকান্দা, ফরিদপুর  
[bbs.nagarkanda.faridpur.gov.bd](http://bbs.nagarkanda.faridpur.gov.bd)

তারিখ ২১ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ  
১১ আগস্ট ২০২১ খ্রিষ্টাব্দ

স্মারক নং-৫২.০১.২৯৬২.০০০.০৬.০৩৮.২০-০৭

**গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন বিজ্ঞপ্তি**


বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর মূল শুমারির গণনা কার্যক্রমে 'গণনাকারী ও সুপারভাইজার' নির্বাচনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে বেকার যুব/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র:নং	পদের নাম	প্রাপ্য ভাতাদি (টাকা)	প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
০১)	সুপারভাইজার	প্রকল্পের ডিপিপি মোতাবেক	১) ন্যূনতম স্নাতক পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। ৪) স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৫) ০১/০৮/২০২১ তারিখে বয়স ২৩-৪০ বৎসরের মধ্যে হতে হবে। ৬) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৭) উপযুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
০২)	গণনাকারী	প্রকল্পের ডিপিপি মোতাবেক	১) ন্যূনতম এইচএসসি/সমমানের পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। ৪) স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৫) ০১/০৮/২০২১ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে। ৬) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৭) উপযুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

**বিঃদ্র:** উল্লিখিত হার প্রকল্পের বর্তমান ডিপিপি'র বর্ণনা মোতাবেক। তবে ডিপিপি সংশোধিত হলে, জাতীয় স্বার্থে প্রয়োজন দেখা দিলে কিংবা নতুন বিধিমালা জারি বা এধরনের ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে উক্ত হার পরিবর্তিত হতে পারে।

**শর্তাবলী:**

- উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট ([bbs.nagarkanda.faridpur.gov.bd](http://bbs.nagarkanda.faridpur.gov.bd)) থেকে ডাউনলোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে। এছাড়া আবেদনের নির্ধারিত ফরম উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ের ওয়েবসাইট ([nagarkanda.faridpur.gov.bd](http://nagarkanda.faridpur.gov.bd)) থেকেও সংগ্রহ করা যাবে।
- মূল শুমারিতে প্রতি গণনাকারী ০৭(সাত) দিনে মোট ১২০ (কম/বেশী) খানার তথ্য সংগ্রহ করতে হবে।
- মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিষয় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।
- নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেকে অন্য কোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।
- ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটিমাত্র পদে আবেদন করতে পারবেন।
- সকল পদের আবেদন ফরম বদ্ধ খামের উপর ডান পার্শ্ব পদের নাম উল্লেখপূর্বক আগামী ১৮/০৮/২০২১খি: তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান অফিসারের কার্যালয়ের নির্ধারিত বক্সে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে।
- প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- চূড়ান্ত তালিকা উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
- নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল হয়ে যাবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ইতিপূর্বে যারা চূড়ান্ত হয়েছেন তাদের নতুন করে আবেদনের প্রয়োজন নাই।
- যে সকল গ্রাম থেকে আবেদন করা যাবে তার তালিকা সংযুক্ত করা হলো।

  
১১/০৮/২১  
উপজেলা নির্বাহী অফিসার  
নগরকান্দা, ফরিদপুর

ও

সভাপতি

জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর  
গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি  
নগরকান্দা, ফরিদপুর

